

# Shilanyas of India International Centre for Buddhist Culture and Heritage in Lumbini, Nepal

May 16, 2022

---

## নেপালের লুম্বিনীতে ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টার ফর বুদ্ধিস্ট কালচার অফ হেরিটেজের শিলান্যাস

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী নেপালের প্রধানমন্ত্রী শ্রী শেরবাহাদুর দেওবার সঙ্গে নেপালের লুম্বিনীতে 'লুম্বিনী রাজপ্রাসাদ' চত্বরে ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টার ফর বুদ্ধিস্ট কালচার অ্যান্ড হেরিটেজ নির্মাণের জন্য শিলান্যাস করেছেন।

2. নতুন দিল্লির ইন্টারন্যাশনাল বুদ্ধিস্ট কনফেডারেশন (আইবিসি) এই কেন্দ্রটি গড়ে তুলবে। গত মার্চ মাসে আইবিসি এবং লুম্বিনী ডেভেলপমেন্ট ট্রাস্টের মধ্যে এই মর্মে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী, ট্রাস্ট আইবিসি-র জন্য জমি ধার্য করেছে।

3. বৌদ্ধ ধর্মের তিনটি প্রধান শাখা থেরাভেদা, মহায়ণ ও বজ্রায়ণের সন্ন্যাসীরা নিজ নিজ রীতিতে শিলান্যাস অনুষ্ঠানটি পরিচালনা করেন। এরপর, দুই প্রধানমন্ত্রী প্রস্তাবিত আন্তর্জাতিক কেন্দ্রটির একটি প্রতিকৃতির আবেশন উন্মোচন করেছেন।

4. কেন্দ্রটি নির্মিত হলে বৌদ্ধ ধর্মের আধ্যাত্মিকতার আশ্বাদন পেতে বিশ্বের নানা প্রান্তের তীর্থযাত্রী ও পর্যটকরা এখানে আন্তর্জাতিক মানের সুবিধা পাবেন। অত্যাধুনিক এই ভবনটিতে শক্তি, জল ও বর্জ্য পদার্থের ক্ষেত্রে কোনও অপচয় যাতে না হয় – সেটি নিশ্চিত করা হবে। এখানে প্রার্থনাকক্ষ, ধ্যান করার জায়গা, গ্রন্থাগার, প্রদর্শনশালা, ক্যাফেটেরিয়া সহ নানা সুযোগ-সুবিধা থাকবে।

লুম্বিনী

মে 16, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.